



রাষ্ট্রপতিকে অপসারণ ও গ্রেপ্তারের দাবি নাহিদ ইসলামের



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম রাষ্ট্রপতিকে অপসারণ করে গ্রেপ্তারের দাবি জানিয়েছেন।

আজ মঙ্গলবার (১০ মার্চ) জাতীয় নাগরিক পার্টির বিভাগীয় ইফতার অনুষ্ঠানে, রাজশাহী টিচার্স ট্রেনিং কলেজ প্রাঙ্গণে তিনি এ বক্তব্য দেন।

তিনি বলেন, ১২ মার্চ নতুন সংসদের অধিবেশন শুরু হলেও রাষ্ট্রপতির বক্তব্য শুনতে তারা সংসদে যাবেন না। তাদের লক্ষ্য সংস্কার আদায় এবং উচ্চকক্ষ গঠনের অগ্রগতি দেখা।

অবিলম্বে রাষ্ট্রপতিকে অপসারণ করে গ্রেপ্তারের আওতায় আনা এবং সংবিধান সংস্কার পরিষদ গঠনের মাধ্যমে সংস্কার বাস্তবায়নের দাবি জানান তিনি।

আরও বলেন, শরীফ উসমান হাদী হত্যার বিচার দেশেই হতে হবে। ভারতে আটক আসামিদের দেশে এনে বিচার সম্পন্ন করার আহ্বান জানান। তার ভাষ্য, এ হত্যাকাণ্ডে প্রত্যক্ষদের পাশাপাশি নেপথ্যের দেশি-বিদেশি চক্রান্তকারীদেরও আইনের আওতায় আনতে হবে।

সরকারের ফ্যামিলি কার্ড কর্মসূচি উদ্বোধনকে স্বাগত জানিয়ে তিনি বলেন, দুর্নীতি ও ঋণখেলাপি নিয়ন্ত্রণ না হলে এ উদ্যোগ কার্যকর সুফল দেবে না।